



কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিচালকের কার্যালয়
বীজ প্রত্যয়ন এজেন্সী
পরিকল্পনা, বাস্তবায়ন ও মূল্যায়ন শাখা
গাজীপুর-১৭০১
www.sca.gov.bd

তারিখ: ১৭ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
৩০ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ১২.০৪.০০০০.০০৭.৪৪.০০২.১৭.৬৯৩

বিষয়: ইনোভেশন প্রদর্শনী (শোকেজিং) আয়োজন।

সূত্র: ০১। ই-গভার্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২৩-২৪ এর [৩.১] ইনোভেশন শোকেজিং আয়োজন এবং

০২। এ কার্যালয়ের ২৭ নভেম্বর ২০২৩ খ্রি. তারিখের ১২.০৪.০০০০.০০৭.৪৪.০০২.১৭.১৯৫৭ সংখ্যক স্মারক মোতাবেক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রীয় ০১নং স্মারক মোতাবেক আপনার অবগতির জন্য জানাচ্ছি যে, ই-গভার্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২৩-২৪ এর [৩.১] ইনোভেশন শোকেজিং কার্যক্রমের আওতায় বীজ প্রত্যয়ন এজেন্সীর আওতাধীন অফিসসমূহের অংশগ্রহণে ন্যূনতম একটি ইনোভেশন প্রদর্শনী (শোকেজিং) আয়োজন এবং শ্রেষ্ঠ উদ্ভাবনী উদ্যোগ নির্বাচনের লক্ষ্যমাত্রা রয়েছে। এ লক্ষ্যে সূত্রীয় ০২নং স্মারকে আপনার কার্যালয়/ শাখা এবং আপনার আওতাধীন জেলা কার্যালয় হতে উদ্ভাবনী ধারণা আহ্বান করে পত্র প্রেরণ করা হয়েছিল।

বীজ প্রত্যয়ন এজেন্সীর সদর দপ্তরের সকল শাখা এবং আওতাধীন আঞ্চলিক কার্যালয়ের (২০২৩-২৪ অর্থবছরে বাস্তবায়নের নিমিত্ত প্রাপ্ত উদ্ভাবনী উদ্যোগ গ্রহণকারী জেলা কার্যালয়সহ) কর্মকর্তাদের/ উদ্ভাবকগণের সমন্বয়ে দিনব্যাপী একটি ইনোভেশন প্রদর্শনী (শোকেজিং) আগামী ০৬ মে ২০২৪ খ্রি. তারিখ রোজ সোমবার সকাল ১০:০০ ঘটিকা হতে সংযুক্ত সময়সূচি অনুযায়ী সংস্থার প্রশিক্ষণ হলে আয়োজন করা হবে।

উল্লিখিত ইনোভেশন প্রদর্শনী (শোকেজিং) আয়োজন অনুষ্ঠানে আপনার দপ্তরের/ শাখার ২০২৩-২৪ অর্থবছরে বাস্তবায়িত/ বাস্তবায়নযোগ্য ন্যূনতম একটি ইনোভেশন/ উদ্ভাবনী উদ্যোগের তথ্যসহ সথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

৩০-০৪-২০২৪

আহমেদ শাহী

পরিচালক

+৮৮০-২-৪৯২৭২২০০

dir.sca.gov.bd@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়): (ইনোভেশন প্রদর্শনী (শোকেজিং) অনুষ্ঠানে আপনার দপ্তরের/ শাখার ২০২৩-২৪ অর্থবছরে বাস্তবায়িত/ বাস্তবায়নযোগ্য ন্যূনতম একটি ইনোভেশন/ উদ্ভাবনী উদ্যোগের পাওয়ারপয়েন্ট উপস্থাপনা (তথ্যচিত্রসহ) উপস্থিতির অনুরোধসহ)

১। আঞ্চলিক বীজ প্রত্যয়ন অফিসারবৃন্দ (প্রযোজ্য ক্ষেত্রে ২০২৩-২৪ অর্থবছরে উদ্ভাবনী উদ্যোগ গ্রহণকারী জেলা কার্যালয়সহ);

২। শাখা প্রধানগণ (সকল) এবং

৩। অতিরিক্ত উপ-পরিচালক (মাঠ প্রশাসন, পরিকল্পনা ও মনিটরিং), পরিকল্পনা, বাস্তবায়ন ও মূল্যায়ন শাখা, বীজ প্রত্যয়ন এজেন্সী।

স্মারক নম্বর: ১২.০৪.০০০০.০০৭.৪৪.০০২.১৭.৬৯৩/১(১)

তারিখ: ১৭ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
৩০ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে:

১। অতিরিক্ত পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), প্রশাসন ও অর্থ অধিশাখা ও ইনোভেশন অফিসার, বিজ প্রত্যয়ন এজেন্সী।



৩০-০৪-২০২৪
আহমেদ শাফী
পরিচালক

সকল সংযুক্তিসমূহ:

- (১) Showcasing schedule
- (২) 1957
- (৩) ই-গভার্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২৩-২৪

বীজ প্রত্যয়ন এজেন্সীর ইনোভেশন প্রদর্শনী (শোকেজিং) আয়োজনের সিডিউল

স্থান: প্রশিক্ষণ হল, বীজ প্রত্যয়ন এজেন্সী

তারিখ: ০৬ মে ২০২৪ খ্রি:

ক্রমিক	সময়	শিরোনাম	রিসোর্স পার্সন
১	১০:০০-১০:৩০	রেজিস্ট্রেশন	কিশোর মধু ট্রেনিং রুম এ্যাটেন্ডেন্ট
২	১০:৩০-১১:০০	উদ্বোধনী অনুষ্ঠান	অতিথিবৃন্দ এবং ইনোভেশন টিম, বীজ প্রত্যয়ন এজেন্সী
৩	১১:০০-১১:৩০	চা-বিরতি	
৪	১১:৩০-১৩:০০	অংশগ্রহণকারী কর্তৃক প্রাপ্ত উদ্ভাবনী ধারণাসমূহ উপস্থাপনার প্রস্তুতিমূলক কার্যক্রম	অংশগ্রহণকারীবৃন্দ
৫	১৩:০০-১৪:০০	নামাজ ও দুপুরের খাবার	
৬	১৪:০০-১৫:৩০	অংশগ্রহণকারী কর্তৃক প্রাপ্ত উদ্ভাবনী ধারণাসমূহ উপস্থাপনা	অংশগ্রহণকারীবৃন্দ
৭	১৫:৩০-১৬:০০	শ্রেষ্ঠ উদ্ভাবনী উদ্যোগ নির্বাচন	ইনোভেশন টিম, বীজ প্রত্যয়ন এজেন্সী
৮	১৬:০০-১৬:৩০	পুরস্কার বিতরণ ও সমাপনী অনুষ্ঠান	অতিথিবৃন্দ এবং ইনোভেশন টিম, বীজ প্রত্যয়ন এজেন্সী


০৬/০৫/২৪